

রূপকল্প, অভিলক্ষ্য, কৌশলগত উদ্দেশ্যসমূহ এবং কার্যাবলি

রূপকল্প

সবার জন্য মানসম্মত শিক্ষা।

অভিলক্ষ্য

সাধারণ, বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক শিক্ষা এবং প্রশিক্ষণের সমন্বয়ে সুশিক্ষিত, দক্ষ ও উন্নত নৈতিকতাসম্পন্ন মানব সম্পদ সৃষ্টি।

কৌশলগত উদ্দেশ্যসমূহ:

- সকল ছেলে-মেয়ের জন্য মানসম্মত মাধ্যমিক শিক্ষা নিশ্চিত করা;
- সাশ্রয়ী ও মানসম্মত উচ্চশিক্ষার সুযোগ বৃদ্ধি করা;
- শিক্ষাক্ষেত্রে জেন্ডার বৈষম্য দূর করা এবং বিশেষ চাহিদা সম্পন্ন ও ক্ষুদ্র নৃ-তাত্ত্বিক জনগোষ্ঠীসহ ঝুঁকিতে রয়েছে এমন জনগোষ্ঠীর জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা স্তরে সমান সুযোগ নিশ্চিত করা;
- গবেষণার মাধ্যমে শিক্ষার মানোন্নয়ন;
- প্রশিক্ষণের মাধ্যমে শিক্ষক-কর্মচারীদের দক্ষতা বৃদ্ধি এবং যোগ্যতাসম্পন্ন শিক্ষক-কর্মচারীর সংখ্যা উল্লেখযোগ্য হারে বৃদ্ধি করা।

কার্যাবলি:

- মাধ্যমিক এবং উচ্চশিক্ষা সংক্রান্ত নীতি প্রণয়ন ও বাস্তবায়ন;
- শিক্ষা ও শিক্ষা ব্যবস্থাপনার মানোন্নয়ন এবং মাধ্যমিক ও উচ্চশিক্ষা সংক্রান্ত গবেষণা ও প্রশিক্ষণ কার্যক্রম;
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষাক্রম প্রণয়ন এবং মাধ্যমিক পর্যায়ে পাঠ্যপুস্তক মুদ্রণ ও বিনামূল্যে বিতরণ;
- মাধ্যমিক ও উচ্চশিক্ষা খাতের জন্য সময়াবদ্ধ কর্মপরিকল্পনা প্রণয়ন এবং মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে যুগোপযোগী উন্নয়ন প্রকল্প গ্রহণ, বাস্তবায়ন, পরিবীক্ষণ ও মূল্যায়ন;
- মানসম্মত শিক্ষা নিশ্চিত করার লক্ষ্যে মাধ্যমিক ও উচ্চ শিক্ষা পর্যায়ে অবকাঠামো উন্নয়ন ও ব্যবস্থাপনা;
- মাধ্যমিক ও উচ্চমাধ্যমিক পর্যায়ে শিক্ষক নিয়োগ এবং বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান এমপিওভুক্তকরণ;
- মেধাবৃত্তিসহ মাধ্যমিক ও স্নাতক পর্যায়ে শিক্ষার্থীদের উপবৃত্তি প্রদান;
- শিক্ষাপ্রতিষ্ঠানে ব্রডব্যান্ড সংযোগ, শ্রেণিকক্ষে পাঠদানে মাল্টিমিডিয়া ব্যবহার এবং শিক্ষা ব্যবস্থাপনায় আইসিটির বাস্তব প্রয়োগ;
- শিক্ষা ক্ষেত্রে দ্বিপাক্ষিক ও আন্তর্জাতিক সহযোগিতা বৃদ্ধি।

